ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩১১
আগরতলা, ১৮ অক্টোবর,২০২৫

# বিভিন্ন ওষুধের দাম বিষয়ে প্রজ্ঞাভবনে কর্মশালা অনুষ্ঠিত

প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা এবং মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় রাজ্যের প্রায় ১০০ শতাংশ জনগণ অন্তর্ভুক্ত হয়েছেন। বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসার জন্য রোগীরা এই দুটি প্রকল্পের সুযোগ গ্রহণ করছেন। আজ প্রজ্ঞাভবনে ত্রিপুরা স্টেট ফার্মাসিউটিক্যাল প্রাইস মনিটরিং অ্যান্ড রিসোর্স ইউনিটের উদ্যোগে আয়োজিত একদিনের কর্মশালায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে একথা বলেন। তিনি এই কর্মশালার উদ্বোধন করেন। তিনি বলেন, বিভিন্ন ওষুধের সঠিক দামের বিষয়ে ক্রেতাদের সচেতন করতে ‘ফার্মা সহি দাম’ অ্যাপটির প্রচার খুবই প্রয়োজন। এই অ্যাপ ব্যবহারের মাধ্যমে ক্রেতাগণ বিভিন্ন ওষুধের দাম সম্পর্কে সঠিক তথ্য জানতে পারবেন। তিনি এই কর্মশালার সাফল্য কামনা করেন।

প্রজ্ঞাভবনে আয়োজিত ‘অ্যাফরডেবল মেডিসিনস ফর অল : রোল অব ফার্মা সহি দাম অ্যান্ড প্রাইস মনিটরিং’ শীর্ষক কর্মশালায় বক্তব্য রাখেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা প্রফেসর ডা. তপন মজুমদার, এন.পি.পি.এ.-এর অধিকর্তা কুমার আমন ভারতী। স্বাগত বক্তব্য রাখেন টি.পি.এম.আর.ইউ.-এর সদস্য সচিব এবং ডেপুটি ড্রাগস কন্ট্রোলার কে. সিনহা। এই কর্মশালায় রাজ্যের ফার্মেসি কলেজের ছাত্রছাত্রী সহ বিভিন্ন এন.জি.ও. এবং কেমিস্টরা অংশ নেন।

*****